# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৯৯

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো অন্তর আল্লাহর আনুগত্যের উপর পরিবর্তন হওয়ার জন্য আল্লাহর কাছে কামনা করা

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يَسْأَلَ اللَّهَ جَلَّ وَعَلَا صَرْفَ قَلْبِهِ إِلَى طَاعَتِهِ

আরবী

899 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: أَخْبَرَنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ عَنْ حيوة بن شريح قال: حدثني أَبُو هَانِئٍ الْخَوْلَانِيُّ أَنَّهُ سَمِعَ أَبَا عَبْدِ الرَّحْمَنِ الْحُبُلِيَّ يَقُولُ: سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ عَمْرِو بْنِ الْعَاصِ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (إِنَّ قُلُوبَ ابْنِ آدَمَ مُلْقىً بَيْنَ إِصْبَعَيْنِ مِنْ أَصَابِعِ الرَّحْمَنِ كَقَلْبٍ وَاحِدٍ يُصَرِّفُهُ كَيْفَ يَشَاءُ) ثُمَّ يَقُولُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:(اللَّهُمَّ اصْرِفْ قلوبنا إلى طاعتك)

الراوي : عَبْد اللَّهِ بْن عَمْرِو بْنِ الْعَاصِ | المحدث : العلامة ناصر الدين الألباني |
المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 899 | خلاصة حكم المحدث:: صحيح ـ

বাংলা

৮৯৯. আব্দুল্লাহ বিন আমর বিন আস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই আদম সন্তানের হৃদয়সমূহ দয়াময় আল্লাহর আঙ্গুলসমূহের মাঝে দুই আঙ্গুলের মাঝে একটি হৃদয়ের মতো থাকে, তিনি সেটাকে যেভাবে ইচ্ছা পরিবর্তন করেন।” তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, اللَّهُمَّ اصْرِفْ قلوبنا إلى طاعتك (হে আল্লাহ,  আপনি আমাদের অন্তরসমূহকে আপনার আনুগত্যের দিকে পরিবর্তিত করুন।)[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/১৬৮; সহীহ মুসলিম: ২৬৫৪; আবূ বকর আল আজুর্রী, তানযীহুশ শারী‘আহ: ৩১৬ পৃষ্ঠা; বাইহাকী, আল আসমা‘ ওয়াস সিফাত: ১৪৭ পৃষ্ঠা; ইবনু আবী ‘আসিম, আস সুন্নাহখ: ১/১০০; নাসাঈ, আল কুবরা: ৬/৩৫১; হাকিম: ১/৫২৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৬৮৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89403

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন